কুষ্টিয়ার এমপি আমির হামজার নারীঘটিত ভিডিও-অডিও হাতে এসেছে : রাশেদ খান

জামায়াত দলীয় এমপি আমীর হামজার আপত্তিকর ভিডিও-অডিও উপদেষ্টা রাশেদ খানের হাতে, ফাঁস করলেন অডিও!

জামায়াতদলীয় সংসদ সদস্য আমির হামজাকে ঘিরে নতুন বিতর্ক তৈরি হয়েছে। তাঁর ব্যক্তিগত কথোপকথনের অডিও প্রকাশ করে এক ফেসবুক পোস্টে প্রশ্ন তুলেছেন প্রধানমন্ত্রী তারেক রহমানের রাজনৈতিক উপদেষ্টা রাশেদ খান।

রাশেদ খান তাঁর পোস্টে দাবি করেন, আমির হামজার নারীঘটিত বিষয় নিয়ে কিছু অডিও ও ভিডিও তাঁর হাতে এসেছে এবং তিনি সেগুলোর সত্যতা যাচাই করেছেন। একই সঙ্গে পোস্টে আমির হামজার কথোপকথনের একটি অংশ তুলে ধরেছেন। সেখানে তাঁকে ক্ষমা চাওয়া, অনুতপ্ত হওয়া এবং সংশ্লিষ্ট ব্যক্তিদের বাড়িতে গিয়ে হাত-পা ধরে ক্ষমা চাওয়ার কথা বলতে শোনা যায় বলে দাবি করা হয়েছে।

রাশেদ খান শুধু লিখিত বক্তব্য প্রকাশ করেই থেমে থাকেননি, তাঁর পোস্টের সঙ্গে আমির হামজার কথিত কথোপকথনের অডিও রেকর্ডিংও প্রকাশ করেছেন। অডিওতে থাকা বক্তব্যের প্রেক্ষাপট ও সংশ্লিষ্ট ব্যক্তিদের পরিচয় নিয়ে বিস্তারিত তথ্য এখনো সামনে আসেনি।

এ ঘটনায় রাজনৈতিক অঙ্গনে নতুন আলোচনা তৈরি হয়েছে। বিশেষ করে জামায়াতে ইসলামী আমির হামজার বিরুদ্ধে ওঠা এসব অভিযোগের বিষয়ে কী অবস্থান নেয় এবং দলীয়ভাবে কোনো ব্যবস্থা গ্রহণ করে কি না, তা নিয়ে প্রশ্ন উঠছে।